

# রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস)

## নিয়োগ বিজ্ঞপ্তি

**প্রকাশের তারিখ: ০৮/০৯/২০২৬ ইং**

**রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস)** একটি জাতীয় পর্যায়ের বে-সরকারী উন্নয়নমূলক সংস্থা। সংস্থাটি **মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ)** সনদপ্রাপ্ত (সনদ নং-০০১৯৩-০০০২৮-০০৩৭৪)। বর্তমানে আরডিএস **পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)**, বিভিন্ন বানিজ্যিক ব্যাংক ও দাতা সংস্থার অর্থায়নে শেরপুর, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল ও গাজীপুর জেলার প্রত্যন্ত অঞ্চলে ক্ষুদ্রঋণের পাশাপাশি বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। প্রতিষ্ঠানের কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে জরুরী ভিত্তিতে নিম্নে বর্ণিত পদ ও শর্ত অনুযায়ী যোগ্য প্রার্থীদের নিকট থেকে **স্বহস্তে লিখিত আবেদন পত্র** আহবান করা যাচ্ছে।

| পদের নাম | পদ সংখ্যা | বয়স (সর্বোচ্চ) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্তাবলী | বেতন (শিক্ষানবিশ / স্থায়ী) |
|---|---|---|---|---|
| সহকারী প্রোগ্রাম ম্যানেজার (মাইক্রোক্রেডিট) গ্রেড- IV | ১০ জন (পুরুষ) | ৪৫ বছর | স্নাতক/স্নাতকোত্তর পাস। ঋণ কার্যক্রমে ৫টি শাখা পরিচালনার ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা। কম্পিউটার ও পরিকল্পনা তৈরীতে দক্ষ হতে হবে। বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। | শিক্ষানবিশ ৪২,০০০/- স্থায়ী ৪৫,১৮৯/- |
| শাখা ব্যবস্থাপক (মাইক্রোক্রেডিট) গ্রেড- VI | ২৫ জন (পুরুষ) | ৪৫ বছর | স্নাতক/স্নাতকোত্তর পাস। ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে শাখা ব্যবস্থাপক হিসেবে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা। কম্পিউটার চালনায় দক্ষ হতে হবে। বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। | শিক্ষানবিশ ৩৫,৫০০/- স্থায়ী ৩৯,২৪৮/- |
| শাখা হিসাব রক্ষক (মাইক্রোক্রেডিট) গ্রেড- VII | ২৫ জন (নারী/পুরুষ) | ৩৫ বছর | বানিজ্যে স্নাতক/স্নাতকোত্তর পাস। কম্পিউটার (MS Word, Excel) সম্পর্কে স্বচ্ছ ধারণা। বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। | শিক্ষানবিশ ২৬,৫০০/- স্থায়ী ২৯,৮১০/- |
| ক্রেডিট অফিসার (মাইক্রোক্রেডিট) গ্রেড- VIII | ১৫০ জন (নারী/পুরুষ) | ২৫/৩৫ বছর | স্নাতক/সমমান। কম্পিউটার জ্ঞানসম্পন্নদের অগ্রাধিকার। পুরুষদের সাইকেল/মোটর সাইকেল চালানোর অভিজ্ঞতা আবশ্যক। | শিক্ষানবিশ ২৫,৩০০/- স্থায়ী ২৬,৯১২/- |

***(বিশেষ দ্রষ্টব্য: পিকেএসএফ এর অর্থায়নে পরিচালিত প্রতিষ্ঠানে কর্মরতদের ক্ষেত্রে বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা শিথিলযোগ্য।)***

➢ **শর্তাবলী ও সুবিধাসমূহ ঃ**

১. **আবেদন প্রক্রিয়া ঃ** আগ্রহী প্রার্থীদের স্বহস্তে লিখিত আবেদন, শিক্ষাগত যোগ্যতা ও এনআইডি-এর ফটোকপি, অভিজ্ঞতার সনদ, ৪ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং দুইজন পরিচয় প্রদানকারীর তথ্যসহ আগামী ১৫/১০/২০২৬ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর নিম্ন ঠিকানায় আবেদন করতে হবে।

২. **পরীক্ষার ফি ঃ** পরীক্ষার সময় নগদে ২০০/- টাকা জমা দিতে হবে।

৩. **জামানত ঃ** যোগদানের সময় ১ ও ২ নং পদের জন্য ১০,০০০/- টাকা এবং ৩ ও ৪ নং পদের জন্য ৮,০০০/- টাকা (সুদসহ ফেরতযোগ্য) জমা দিতে হবে।

৪. **বিশেষ সুবিধা ঃ** চাকুরী স্থায়ীকরণের পর সংস্থার নীতিমালা অনুযায়ী বাৎসরিক ৩টি উৎসব ভাতা, ইনসেন্টিভ বোনাস, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, স্ববেতনে ৬ মাস অসুস্থতা ও মাতৃত্বকালীন ছুটি, অর্জিত ছুটির ভাতা ও কল্যাণ তহবিল সুবিধা প্রদান করা হবে।

৫. **বিশেষ নির্দেশনাবলী ঃ** অধ্যয়নরত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। আরডিএস থেকে পূর্বে অব্যাহতিপ্রাপ্ত বা বরখাস্তকৃতদের আবেদন করার প্রয়োজন নেই।

**যোগাযোগ ঃ** সরাসরি যোগাযোগের জন্য আবেদনপত্রে প্রার্থীর মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টি.এ/ডি.এ প্রদান করা হবে না। কর্তৃপক্ষ কারণ দর্শানো ছাড়াই যেকোনো আবেদন পত্র বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

**আবেদন পত্র পাঠানোর ঠিকানা ঃ প্রধান নির্বাহী কর্মকর্তা, রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস), ৪৯ গৃর্দ্দানারায়নপুর, শেরপুর টাউন, শেরপুর-২১০০। ওয়েবসাইট: www.rds-bd.org**